# ইসলামী জ্ঞান: নিত্যদিনের প্রয়োজনে

বিভাগ/অধ্যায়ঃ আকিদা ও মানহাজ

রচয়িতা/সঙ্কলকঃ ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

আশআরীরা প্রতি বছর নতুন একটি আকীদা নিয়ে আসে!

ইমাম গাযালী (আশআরি) তাঁর বিভিন্ন গ্রন্থে আল্লাহর আরশে থাকার ব্যাপারে ভিন্ন ভিন্ন বক্তব্য দিয়েছেন:

ইহইয়া উলূমিদ্দীন গ্রন্থে বলেন:
"আল্লাহ আরশের উপর অবস্থান করছেন — আরশের সাথে কোনো সংযোগ (মুমাসসা) ব্যতীত এবং তিনি আরশের উপরে..."

ইলজাম আল-'আওয়াম আন ইলমিল কালাম গ্রন্থে বলেন:
"আল্লাহর ঊর্ধ্বতা হলো মর্যাদাগত ঊর্ধ্বতা, স্থানগত ঊর্ধ্বতা নয়।"

আল-ইকতিসাদ ফিল ই'তিকাদ গ্রন্থে বলেন:
"যদি বলা হয় আল্লাহ আরশের উপর অবস্থান করছেন, তাহলে তো এ কথা মানতে হবে — তিনি হয় আরশের চেয়ে বড়, অথবা ছোট।"

— এই বক্তব্যগুলো থেকে বুঝা গেল যে, আশআরিরা একেক সময় একেক রকম ব্যাখ্যা দেন আল্লাহর আরশে থাকার ব্যাপারে, যা তাদের আকীদায় স্থিরতা নেই— এটা সপ্রমাণ করে।

এর মূল কারণ,
১- কুরআন ও সুন্নাহর ভাষ্যের কাছে আত্মসমর্পণ না করা।
২- সালাফে সালেহীনের মানহাজ সম্পর্কে অজ্ঞতা।
৩- নিজেদের বিবেকের যুক্তির প্রতি অতি নির্ভরতা।
৪- দর্শন শাস্ত্রের বিশুদ্ধতা নিয়ে অতি সুধারণা।
৫- আল্লাহর কাছে কায়োমনোবাক্যে হিদায়াত না চাওয়া।

## ফুটনোট

https://www.facebook.com/abubakar.m.zakaria/posts/pfbid02h6u5v2khpkomvjdh5KjwHadgWyBWMTdvofp4kX8bFTkopAgJFREuzcpKxBChj3Bul

Source — https://www.hadithbd.com/books/link/?id=15108

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন